গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
আইসিটি শাখা
www.sylhet.gov.bd
...

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০২৪.৩১.০০২.১৬.২২৯ তারিখ: ১৪ ভাদ্র, ১৪২৪
২৯ আগস্ট, ২০১৭

বিষয়: **জাতীয় তথ্য বাতায়নের আওতায় জেলা/উপজেলা ওয়েব পোর্টালে গ্রন্থাগারের তালিকা অন্তর্ভুক্তকরণ।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ আগস্ট ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৫১২.৮২.০৪৫.১৪.৪০০ নং স্মারক।
২। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের গত ৩০ জুলাই ২০১৭ তারিখের ৪৩.২৭.০০০০.১০৮.১৬.০৫০.১৭.১৬(১) নং স্মারক।
৩। বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর গত ১৬ আগস্ট ২০১৭ তারিখের ০৫.৪৬.০০০০.০০৪.৩১.০০১.১৬.৩৩ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত পত্রসমূহের ছায়ালিপি এসাথে প্রেরণ করা হলো। পত্র ও সংযুক্ত ছকের আলোকে সরকারি/বেসরকারি গ্রন্থাগারের তালিকা জাতীয় তথ্য বাতায়নের আওতায় উপজেলা ওয়েব পোর্টালে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



২০১৭-০৮-২৯
মুহাম্মদ আশরাফুল আলম
সহকারী কমিশনার
ফোন: ৭১৬০৪১
ইমেইল: acictsylhet@gmail.com

১) উপজেলা নির্বাহী অফিসার (সকল),
.................................. সিলেট।
২) উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাকার, রিকাবীবাজার, সিলেট। ( সংযুক্ত ছক অনুযায়ী সিলেট জেলার সরকারি ও বেসরকারি গ্রন্থাগারের তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)

বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট

| | |
|---|---|
| ✓ | অতিরিক্ত কমিশনার (সার্বিক) |
| | অতিরিক্ত কমিশনার (রাজস্ব) |
| | ডিএলজি |
| | কমিশনারের একান্ত সচিব |
| | সিনিয়র সহকারী কমিশনার (সাঃ) |
| | সিনিয়র সহকারী কমিশনার (রাঃ) |
| ডাইরী নম্বরঃ | |
| তারিখঃ | |
| স্বাক্ষরঃ | |

"চেতনার জাগরণে বই"

ডাকযোগে


# জাতীয় গ্রন্থকেন্দ্র

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

৫/সি, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা-১০০০

ফোন : ৯৫৫৫৭৪৩, ফ্যাক্স : ৯৫৭২২১১

e-mail: granthakendro.org@gmail.com web: www.nbc.org.bd


স্মারক : ৪৩.২৭.০০০০.১০৮.১৬.০৫০.১৭.১০১(৭০)

তারিখ : ৩১ জুলাই ২০১৭ / ১৬ শ্রাবণ ১৪২৪

**বিষয় : জাতীয় তথ্য বাতায়নের জেলা/উপজেলা ওয়েব পোর্টালে গ্রন্থাগার তালিকা অন্তর্ভুক্তিকরণ প্রসঙ্গে।**

সালাম ও আন্তরিক শুভেচ্ছা নিবেন। আপনি সদয় অবগত আছেন যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় থেকে জাতীয় গ্রন্থকেন্দ্রের মাধ্যমে দেশের বেসরকারি গ্রন্থাগারসমূহকে পৃষ্ঠপোষকতা দেয়া হয়ে থাকে। প্রতিবছর দেশের বেসরকারি গ্রন্থাগারে রাজস্বখাতের আওতায় নগদ অনুদান ও বই প্রদান করা হয়। এছাড়া জাতীয় গ্রন্থকেন্দ্র এবং গণগ্রন্থাগার অধিদপ্তরের আওতায় বেসরকারি গ্রন্থাগারে তালিকাভুক্তির সনদ দেয়া হয়।

২. সচেতন একটি পাঠক সমাজ গড়ে তোলার মাধ্যমে সকল শ্রেণি পেশার মানুষের জন্য মুক্তবুদ্ধি চর্চার সুযোগ সৃষ্টির মাধ্যমে মানব সম্পদ উন্নয়নের কেন্দ্রবিন্দু হতে পারে এই গ্রন্থাগার। বস্তুত: বই পড়ার মাধ্যমে শিক্ষার ভিত্তি মজবুত ও গুণগতমান উন্নত হতে পারে এবং জ্ঞান ও সৃজনশীল একটি সুশীল সমাজ গড়ে উঠতে পারে। এ লক্ষ্যে সর্ব সাধারণের জন্য বই পড়ার সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে গ্রন্থাগার ব্যবহার বাড়ানো অপরিহার্য।

৩. জাতীয় তথ্য বাতায়নের আওতায় আপনার জেলা ও বিভিন্ন উপজেলার ওয়েব পোর্টালে সংশ্লিষ্ট জেলা/উপজেলার বিভিন্ন প্রকার তথ্যাদি সন্নিবেশিত হয়ে থাকে। এ সকল ওয়েব পোর্টালে সংশ্লিষ্ট গ্রন্থাগারের তালিকা, ঠিকানা ও যোগাযোগ ইত্যাদি তথ্য সন্নিবেশিত করা হলে তা পাঠকের জন্য উপকারী হবে এবং ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে আরো একধাপ এগিয়ে যাবে।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়টি বিবেচনায় নিয়ে জাতীয় তথ্য বাতায়নের আওতায় আপনার জেলা ও বিভিন্ন উপজেলা ওয়েব পোর্টালে সংশ্লিষ্ট জেলা এবং উপজেলার সরকারী ও বেসরকারি গ্রন্থাগারসমূহের তথ্যাদি (ছক সংযুক্ত) অন্তর্ভুক্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত বিশেষভাবে অনুরোধ করা গেল।

(মোঃ নজরুল ইসলাম)
পরিচালক (উপসচিব)
মোবা : ০১৭১১-২৭৭৩৩১

জেলা প্রশাসক
.............................(সকল)

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ : উপসচিব-২
৩। প্রকল্প পরিচালক, এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ
৫। মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৬। অফিস কপি।

G:\Drive D\Kalam\Golam nobi\Applicationa4.doc---1

# জাতীয় তথ্য বাতায়নের আওতায় জেলা/উপজেলা ওয়েব পোর্টালে গ্রন্থাগার অন্তর্ভুক্তিকরণ তালিকা।

জেলার নাম : উপজেলার নাম :

| ক্র. নং | পাঠাগারের নাম ও ঠিকানা | প্রতিষ্ঠাকাল | রেজিঃ নং | বইয়ের সংখ্যা | সদস্য সংখ্যা | গ্রন্থাগারিকের নাম ও মোবাইল নং | সভাপতি/সম্পাদকের নাম, পদবী, মোবাইল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | | | | | | | | |
| ২ | | | | | | | | |
| ৩ | | | | | | | | |
| ৪ | | | | | | | | |
| ৫ | | | | | | | | |
| ৬ | | | | | | | | |
| ৭ | | | | | | | | |
| ৮ | | | | | | | | |
| ৯ | | | | | | | | |
| ১০ | | | | | | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর-০৪.০০.০০০০.৫১২.৮২.০৪৫.১৪-৪০০

তারিখ: ২৯ শ্রাবণ ১৪২৪ / ১৩ আগস্ট ২০১৭

**বিষয়: জাতীয় তথ্য বাতায়নের আওতায় জেলা/উপজেলা ওয়েব পোর্টালে গ্রন্থাগারের তালিকা অন্তর্ভুক্তকরণ সংক্রান্ত।**

সূত্র: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নম্বর-৪৩.২৭.০০০০.১০৮.১৬.০৫০.১৭.৯৬ (১) তারিখ: ৩০.৭.১৭

উপর্যুক্ত বিষয়ে সূত্রে উল্লিখিত স্মারকের চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হল। পত্রে উল্লেখ করা হয়েছে যে, জাতীয় তথ্য বাতায়নের আওতায় জেলা/উপজেলা ওয়েব পোর্টালে সংশ্লিষ্ট জেলা ও উপজেলার আওতাধীন গ্রন্থাগারের তালিকা, ঠিকানা ও যোগাযোগ ইত্যাদি তথ্য সন্নিবেশিত করা হলে তা পাঠকের জন্য উপকারী হবে এবং ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে আরও একধাপ এগিয়ে যাবে। এ জন্য, গ্রন্থাগারের তালিকাসমূহ জেলা/উপজেলার তথ্য বাতায়নে সন্নিবেশিত করার অনুরোধ জানানো হয়েছে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১৩/০৮/১৭

(মঈনউল ইসলাম)
উপসচিব
ফোন: ৯৫৭৫৪৪৭
ই-মেইল: dfal_sec@ cabinet.gov.bd

১। জেলা প্রশাসক
--------------------------(সকল)।
২। উপজেলা নির্বাহী অফিসার
-------------------------(সকল)।

অনুলিপি:

১। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, ----------------- (সকল)।